

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৫৯১

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৪

মুখ্যমন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাতে কেন্দ্রীয় সড়ক পরিবহন প্রতিমন্ত্রী



কেন্দ্রীয় সড়ক পরিবহন এবং জাতীয় সড়ক প্রতিমন্ত্রী অজয় টামটা আজ মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সাথে সৌজন্যমূলক সাক্ষাতে মিলিত হন। আজ সন্ধ্যায় মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা কেন্দ্রীয় সড়ক পরিবহন এবং জাতীয় সড়ক মন্ত্রকের প্রতিমন্ত্রী অজয় টামটাকে স্মারক উপহার এবং উত্তরীয় দিয়ে শুভেচ্ছা জানান। উভয়ের মধ্যে রাজ্য সড়ক পরিবহন যোগাযোগ ব্যবস্থার উন্নতিকরণ, জাতীয় সড়ক সম্প্রসারণ সহ রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। আলোচনাকালে প্রতিমন্ত্রী অজয় টামটা ত্রিপুরার উন্নয়নে কেন্দ্রীয় সরকারের উদার দৃষ্টিভঙ্গীর কথা তুলে ধরেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের সময় রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পাণ্ডে, পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*